

করোনা ভাইরাস সন্দেহভাজন, সম্ভাব্য, নিশ্চিত আক্রান্ত রোগীদের সনাক্ত করণের নির্দেশিকা ও

প্রয়োজনীয় পদক্ষেপঃ-

(ক)সন্দেহভাজন রোগী

বৈশিষ্ট্য-

১। জ্বর+শ্বাস তন্ত্রের রোগের কোন একটি লক্ষণ যেমনঃ কাশি, শ্বাসকষ্ট, দ্রুতশ্বাস+ভ্রমনের ইতিহাস (করোনা ভাইরাস আক্রান্ত এলাকা, জেলা অথবা বিদেশ)

২। জ্বর+শ্বাস তন্ত্রের রোগের কোন একটি লক্ষণ যেমনঃ কাশি, শ্বাসকষ্ট, দ্রুতশ্বাস+করোনা ভাইরাস রোগীর সংস্পর্শ।

৩। জ্বর+শ্বাস তন্ত্রের রোগের কোন একটি লক্ষণ যেমনঃ কাশি, শ্বাসকষ্ট, দ্রুতশ্বাস+এই সমস্ত লক্ষণ নিয়ে হাসপাতালে ভর্তি হয়। কিন্তু নমুনা সংগ্রহ সম্ভব হয়নি এবং পূর্বে তার এই রকম কোন সমস্যা ছিলো না।

করণীয়-

সন্দেহভাজন রোগীর ক্ষেত্রে স্বাস্থ্য বিভাগ নমুনা সংগ্রহ করবেন এবং প্রশাসন হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য লকডাউন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। হোম কোয়ারেন্টাইনে থাকার সময় অবশ্যই হাসপাতালের মোবাইল নং ০১৭৩০৩২৪৬১৬ যোগাযোগ রাখবেন।

(খ)সম্ভাব্য রোগী

বৈশিষ্ট্য-

যেসমস্ত রোগীর নমুনা সংগ্রহ করা হয়েছে কিন্তু ফলাফল আসেনি তারা সম্ভাব্য রোগী।

করণীয়-

সম্ভাব্য রোগীদের ক্ষেত্রে অবশ্যই হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে এজন্য প্রশাসন হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য লকডাউন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। হোম কোয়ারেন্টাইন থাকার সময় অবশ্যই হাসপাতালের মোবাইল নং ০১৭৩০৩২৪৬১৬ এ যোগাযোগ করবেন।

(গ) নিশ্চিত রোগী

বৈশিষ্ট্য-

যেসমস্ত রোগীর নমুনা সংগ্রহ করা হয়েছে এবং ফলাফল পজিটিভ এসেছে তাদের উপসর্গ থাকুক বা না থাকুক তারা নিশ্চিত রোগী।

করণীয়-

১। নিশ্চিত রোগীদের ক্ষেত্রে অবশ্যই হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে এজন্য প্রশাসন হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২। রোগীর সংস্পর্শে যারা এসেছেন তাদেরকেও ১৪ দিন হোম কোয়ারেন্টাইন থাকতে হবে। উপসর্গ দেখা দেয়া মাত্র স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করবেন। হোম কোয়ারেন্টানে থাকার সময় অবশ্যই হাসপাতালের মোবাইল নং ০১৭৩০৩২৪৬১৬ এ যোগাযোগ করবেন।

কি করলে সংস্পর্শে এসেছেন বলে ধরা হবে।

১। কোন ব্যক্তি যদি সম্ভাব্য অথবা নিশ্চিত রোগীর ৩ ফুটের কম দূরত্বে ১৫ মিনিটের বেশি সময়ে অবস্থান করেন।

২। সম্ভাব্য অথবা নিশ্চিত রোগীকে স্পর্শ করেন অথবা যারা করোনা ভাইরাস পজিটিভ রোগীর সেবায় সরাসরি জড়িত কিন্তু পিপিই ব্যবহার করেন নাই।

উপরোক্ত ক্ষেত্রে ১৪ দিন হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে।

প্রচারে : উপজেলা প্রশাসন, ও স্বাস্থ্য বিভাগ, কালিগঞ্জ, সাতক্ষীরা।